উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

শেখ হাসিনার ...
সব মানুষের ...

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা
:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪- ৬৬০ তারিখ: ২১.০৪.২০২৪

কেন্দুয়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৯ এপ্রিল ২০২৪ খ্রি: রোজ সোমবার ... ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ নুরুল ইসলাম, ... উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। বিবিধ আলোচনা।
০৭। হাটবাজার সংক্রান্ত।

22/04/2024
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪- ৬৬০ তারিখ: ২১.০৪.২০২৪ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

22/04/2024
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর এপ্রিল ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন ।
সভার তারিখ ঃ ২৯ এপ্রিল ২০২৪ খ্রি.
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, পূর্ববঙ্গের ময়মনসিংহ অঞ্চলের নেত্রকোণা জেলার বাউল অধ্যুষিত কেন্দুয়া উপজেলার বিখ্যাত মরমী বাউল সাধক জালাল উদ্দীন খাঁ। তিনি আত্মতত্ত্ব, পরমতত্ত্ব, নিগূঢ়তত্ত্ব, লোকতত্ত্ব, দেশতত্ত্ব ও বিরহতত্ত্বের প্রায় সহস্রাধিক গান রচনা করেছিলেন। তাঁর মোট ৭০২টি গান নিয়ে অধ্যাপক যতীন সরকারের সম্পাদনায় ২০০৫ সালের মার্চে প্রকাশিত হয়েছে 'জালাল গীতিকা সমগ্র'। এছাড়াও বাংলা একাডেমি থেকে তার জীবনী গ্রন্থ প্রকাশিত হয়েছে। শিল্পকলায় (সংগীত) অবদানের জন্য এ মহান সাধক ২০২৪ সালে অমর একুশে পদক (মরনোত্তর) লাভ করেন। তাঁর এই অনন্য অবদানকে স্মরণীয় করে রাখার জন্য উপজেলা প্রশাসন, কেন্দুয়া, তথা জালাল ভক্তবৃন্দের দাবীর প্রেক্ষিতে আসন্ন ২৫ এপ্রিল ২০২৪ তাঁর ১৩০ তম জন্মবার্ষিকী উদযাপনের লক্ষ্যে "জালাল মেলা-২০২৪" আয়োজন করার প্রস্তাব করেন। বরেণ্য এই ব্যক্তির স্মরণে "ভাবতরঙ্গ" নামে একটি স্মরণিকা প্রকাশ করা হবে। উক্ত মেলায় দেশ বরেণ্য বাউল শিল্পী সুনীল কর্মকারসহ বাউল শিল্পীগণ, লোকজ সম্রাট আব্দুল কদ্দুছ বয়াতী ও তাঁর দল, বাউল সালাম ও তাঁর দল, স্থানীয় শিল্পীদের সমন্বয়ে অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়াও, উক্ত মেলায় প্রখ্যাত জালাল গবেষকদের নিয়ে আলোচনা অনুষ্ঠান এবং স্থানীয় লোকজ সংস্কৃতির বিকাশে নানাবিধ স্টলেরও আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ০৩(তিন) দিন ব্যাপি জালাল মেলা-২০২৪ অনুষ্ঠানে প্রায় ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় নির্বাহের জন্য সরকারি কোনো বরাদ্দ না থাকায় ব্যয় নির্বাহের জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার অনুমতি প্রদানের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। | শিল্পকলায় (সংগীত) অবদানের জন্য এ মহান সাধক ২০২৪ সালে অমর একুশে পদক (মরনোত্তর) লাভ করায় তাঁর এই অনন্য অবদানকে স্মরণীয় করে রাখার জন্য আসন্ন ২৫ এপ্রিল ২০২৪ তাঁর ১৩০ তম জন্মবার্ষিকী উদযাপনের লক্ষ্যে "জালাল মেলা-২০২৪" আয়োজনের ব্যয় বাবদ প্রায় ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা পরিষধ রাজস্ব তহবিল হতে ব্যয় করার অনুমতি প্রদানের জন্য সিনিয়র সচিব, -স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আমাদের উপজেলায় অনেকগুলো আশ্রয়ণ প্রকল্প রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্পগুলোতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সমন্বয়ে প্রতিমাসে নির্ধারিত একদিন/দুইদিন পরিদর্শন করার প্রস্তাব করেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সমন্বয়ে প্রতিমাসে নির্ধারিত একদিন/দুইদিন পরিদর্শন করার প্রস্তাব সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের সমন্বয়ে অত্র উপজেলায় নবাগত শিশুদের একটি ডাটাবেজ করার প্রস্তাব করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি এবং উন্নয়ন প্রকল্প কাজ চলমান রয়েছে আছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেক্সটপ কম্পিউটার সরবরাহ (INF6-2021-22-457247-01) সুষ্ঠু ভাবে প্রকল্পটি সম্পন্ন হয়েছে এবং বিলের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারআয়কর ভ্যাট ও জামানতসহ মোট ১৬,১৪,৬০০/- বিল পরিশোধের জন্য আবেদন করেন। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত রামনগর হাইস্কুল ও বৈশ্যপাট্টা মডেল একাডেমীর শ্রেণীকক্ষ নির্মাণ (INF6-2021-22-457247-02) সুষ্ঠু ভাবে প্রকল্পটি সম্পন্ন হয়েছে এবং বিলের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার আয়কর ও ভ্যাটসহ মোট ৩০,১৬,৭৬৭/- বিল পরিশোধের জন্য আবেদন করেন। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মিতিক্রমে বিল প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট, প্রেরণ করার আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেক্সটপ কম্পিউটার সরবরাহ(INF6-2021-22-457247-01) সুষ্ঠু ভাবে প্রকল্পটি সম্পন্ন হওয়ায় ভ্যাট ও জামানতসহ মোট ১৬,১৪,৬০০/-বিল প্রাপ্তির এবংরামনগর হাইস্কুল ও বৈশ্যপাট্টা মডেল একাডেমীর শ্রেণীকক্ষ নির্মাণ (INF6-2021-22-457247-02) সুষ্ঠু ভাবে প্রকল্পটি সম্পন্ন হয়েছে এবং বিলের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার আয়কর ও ভ্যাটসহ মোট ৩০,১৬,৭৬৭/- বিল জন্য পিএমইউতে প্রেরণের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>অন্যান্য নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজে[illegible] প্রকৌশ[illegible] (এলজিইডি[illegible] |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলায় ২১টি নিবন্ধিত হ্যাচারী আছে। ঐ হ্যাচারীগুলোতে গুনগত মান সম্পন্ন পোনা উৎপাদন করার লক্ষ্যে নিয়মিত অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করেন। উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অভয়াশ্রম রক্ষা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি একাডেমিক সুপারভাইজার সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৯. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানন যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেব কর্মকর্তা ইউপি চেয়ারম্যান সকল |
| ১০. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১১. | তথ্য আপা | তথ্য আপা সভায় বলেন যে, মহিলা উদ্যোক্তাকে নিয়ে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সকলকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রোগ্রামার |
| ১৩. | চেয়ারম্যান গড়াডোবা | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি সভায় বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেকসের চিকিৎসা সেবার মান বৃদ্ধির করার জন্য প্রস্তাব করেন। অত্র ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান গড়াডোবা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ...রম্যান, ...রাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, অত্র ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, গড়াডোবা |
| | চেয়ারম্যান, মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় বলেন যে, মাসকা বাজারে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান মাসকা |
| ১৬. | চেয়ারম্যান, সান্দিকোনা ইউপি | চেয়ারম্যান, সান্দিকোনা ইউপি সভায় বলেন যে, এডিপি পিআইসির কাজ শেষ। পরিদর্শন করে বিল প্রদানের জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| ১৭. | চেয়ারম্যান, দলপা ইউপি | চেয়ারম্যান, দলপা ইউপি সভায় বলেন যে, অত্র ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান দলপা |
| ১৮. | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় বলেন যে, প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে একদিন ইউনিয়ন সমাজকর্মী অফিস করার প্রস্তাব করেন। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | সমাজসেবা কর্মকর্তা চেয়ারম্যান মোজাফরপুর |
| ১৯. | চেয়ারম্যান, নওপাড়া ইউপি | চেয়ারম্যান, নওপাড়া ইউপি সভায় বলেন যে, টিসিবি'র কার্ডগুলো দীর্ঘদিন আগে তালিকাভুক্ত করা হয়েছিল। বর্তমানে কার্ডগুলো কিছু নামের পরিবর্তন করা প্রয়োজন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৩৪৯ তারিখঃ ২৯ এপ্রিল ২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

২৯/০৪/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৩৪৯ তারিখঃ ২৯ এপ্রিল ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৩। উপজেলা ........................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

২৯/০৪/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা